

# আমরা আপনার পাশে আছি।

NYC HEALTH + HOSPITALS

## সেবা গ্রহণ

### আমার ডাক্তারের অফিস কি খোলা আছে?

হ্যাঁ। NYC Health + Hospitals এর ক্লিনিকগুলো এখন সশরীরে দেখা করার জন্য এবং টেলিফোন বা ভিডিওর মাধ্যমে টেলিভিজিটের জন্য খোলা আছে।

সব কিছুর জন্য সশরীরে উপস্থিত হওয়ার প্রয়োজন নেই। বাড়ি থেকে ফোনে বা ভিডিও কলের মাধ্যমে ভিজিট করার বিকল্প নিয়ে আপনার কেয়ার টিমের সাথে কথা বলুন।

### আমার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে সশরীরে দেখা করা কি নিরাপদ?

হ্যাঁ। আপনার নিরাপত্তা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ এবং আমাদের রোগী ও কর্মীদেরকে নিরাপদ রাখার বিষয়টি নিশ্চিত করতে আমরা বাড়তি সতর্কতা অবলম্বন করছি।

- আমাদের ফ্যাসিলিটিগুলোতে প্রবেশ করার সময় সব রোগী, ভিজিটর ও কর্মীদের তাপমাত্রা পরীক্ষা করা হবে
- ভিজিট করার আগে এবং অ্যাপয়েন্টমেন্টের দিন রোগীদেরকে COVID-19 এর লক্ষণগুলোর জন্য চেক করা হবে
- সব রোগী, ভিজিটর ও কর্মীদের জন্য মাস্ক পরা বাধ্যতামূলক
- নির্দিষ্ট স্থানসমূহে প্রবীণ ও ঝুঁকিপূর্ণ রোগীদের জন্য বিশেষ ক্লিনিক আওয়ার্স-এর ব্যবস্থা থাকবে
- নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রাখতে সাহায্য করার জন্য স্থানসমূহ স্পষ্টভাবে চিহ্নিত করা থাকবে
- পরীক্ষার কক্ষগুলো ঘন ঘন পরিষ্কার করা হবে, বিশেষ করে রোগীদের পরিদর্শনের মধ্যবর্তী সময়ে
- দিনব্যাপী সকল সাধারণ এলাকাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত করা হবে
- প্রয়োজন অনুযায়ী প্রত্যেক রোগী সাথে করে একজন স্বাস্থ্য সহকারী নিয়ে আসতে পারবেন

### আমার সন্তানদের জন্য কি ক্লিনিকে আসা নিরাপদ?

হ্যাঁ। আপনার সন্তানের যাতে ওয়েল-চাইল্ড ভিজিট অথবা কোনো টিকা গ্রহণ বাদ না পড়ে সেদিকে লক্ষ রাখা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। কোনো শিশুরই প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত হওয়া উচিত নয়।

আপনার সন্তান যদি 2 বছর বা তার বেশি বয়সী হয় তাহলে ভিজিট করার সময় আপনি ও আপনার সন্তান উভয়েই মাস্ক পরে থাকার বিষয়টি নিশ্চিত করুন। আপনার কাছে মাস্ক না থাকলে আমরা সরবরাহ করবো।

### বাতিল হয়ে যাওয়া কোনো অ্যাপয়েন্টমেন্ট আমি কিভাবে পূণঃনির্ধারণ করতে পারি?

আবার অ্যাপয়েন্টমেন্ট নেয়ার জন্য আপনি 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে ফোন করতে পারেন। যদি আপনি কোনো প্রতিরোধমূলক পরীক্ষা অথবা কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতা যেমন ডায়াবেটিস বা উচ্চ রক্তচাপের জন্য অ্যাপয়েন্টমেন্ট মিস করে থাকেন, তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে পুনরায় একটি ভিজিট নির্ধারণ করা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। দেরি করবেন না।

### আমার কোনো ডাক্তার নেই, আপনারা কি নতুন রোগী দেখছেন?

হ্যাঁ, আমরা নতুন রোগী গ্রহণ করছি। যদি আপনার একজন ডাক্তার খোঁজার প্রয়োজন হয়, তাহলে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে ফোন করুন।

### আমার মূল ডাক্তারের অফিস বন্ধ আছে। আমি কি আপনাদের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারন করতে পারি?

হ্যাঁ। আমরা সব নিউ ইয়র্কবাসীর পাশে আছি। যদি আপনি এর আগে কখনো NYC Health + Hospitals এ না এসে থাকেন, তাহলে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে অথবা আপনার নিকটস্থ কোনো অবস্থান খুঁজে বের করতে 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে ফোন করুন।

## সেবার জন্য অর্থ পরিশোধ করছি

### আমি খরচের ব্যাপারে চিন্তিত।

খরচের কারণে আপনার কখনোই ডাক্তার দেখানো বন্ধ রাখা উচিত নয়। সব নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের স্বল্প-মূল্যের এবং বিনামূল্যের স্বাস্থ্য সেবা কভারেজের অপশন রয়েছে।

### আমি আমার ইন্স্যুরেন্স কভারেজ হারিয়েছি।

আমরা এ ব্যাপারে সাহায্য করতে পারি। আমাদের আর্থিক উপদেষ্টারা আপনার ও আপনার পরিবারের জন্য একটি সঠিক বীমা পরিকল্পনা নিতে আপনাকে সাহায্য করার জন্য প্রস্তুত রয়েছেন। আজই কারো সাথে কথা বলার জন্য 1-646-694-3131 নম্বরে ফোন করুন।

যদি আপনি বীমার উপযুক্ত না হন অথবা বহন করতে না পারেন, তাহলে NYC Care আপনাকে সাহায্য করবে। 1-646-NYC-CARE (1-646-692-2273) নম্বরে ফোন করে আরো বিস্তারিত জেনে নিন।

## COVID-19

### আমার মনে হচ্ছে আমি COVID-19 এ আক্রান্ত হয়েছি, আমার কি একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা উচিত?

যদি আপনার COVID-19 এর লক্ষণগুলো দেখা দিয়ে থাকে, তাহলে MyChart এর মাধ্যমে অথবা একটি টেলিহেলথ ভিজিট নির্ধারণের মাধ্যমে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

আপনার লক্ষণসমূহের উপর ভিত্তি করে আপনার ডাক্তার আপনাকে বাড়িতে নিরাপদভাবে আলাদা থাকতে, ExpressCare এ যেতে অথবা ইমার্জেন্সি রুমে যেতে বলতে পারেন। যদি আপনার যাওয়ার কোনো জায়গা না থাকে, তাহলে আপনি বিনামূল্যে একটি হোটেল রুম পাওয়ার উপযুক্ত হতে পারেন।

লক্ষণ অথবা উচ্চ ঝুঁকি থাকুক বা না থাকুক, সব নিউ ইয়র্কবাসীর COVID-19 নির্ণয়ের পরীক্ষা করানো উচিত। পরীক্ষাগুলো দ্রুত, সহজে ও বিনামূল্যে করা হয়। আপনার নিকটস্থ কোনো পরীক্ষা কেন্দ্র খুঁজে বের করতে, 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে ফোন করুন।

### যদি আমার COVID-19 এর লক্ষণগুলো দেখা দিয়ে থাকে অথবা তাপমাত্রা 100.4 এর বেশি থাকে, তাহলে আমার কি ভিজিটে যাওয়া উচিত হবে?

যদি আপনার COVID-19 এর লক্ষণগুলো দেখা দিয়ে থাকে, তাহলে আপনার ভিজিটের বিকল্পসমূহ নিয়ে আলোচনা করতে 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে ফোন করুন।

### আমার COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে, আমার কি ভিজিটে যাওয়া উচিত হবে?

যদি আপনার COVID-19 হয়ে থাকে, তাহলে আপনার কমপক্ষে 10 দিনের জন্য নিরাপদে আলাদা থাকা উচিত, যার মধ্যে শেষ 3 দিন acetaminophen (Tylenol) অথবা ibroprofen (Motrin, Advil) ইত্যাদি ওষুধ ব্যবহার করা ছাড়াই জ্বরমুক্ত থাকতে হবে। যদি আপনার নিরাপদে আলাদা থাকার জন্য কোনো জায়গা না থাকে, তাহলে আপনি সাময়িকভাবে একটি হোটেল রুমে থাকার উপযুক্ত হতে পারেন।

যদি আপনি আপনার COVID-19 সংক্রমণ থেকে সুস্থ হয়ে উঠেন, তাহলে আপনি নিরাপদে আপনার ক্লিনিকের অ্যাপয়েন্টমেন্টে যেতে পারেন।

অ্যাপয়েন্টমেন্টের জন্য ফোন করুন
**1-844-NYC-4NYC (1-844-692-4692)**
**সংযুক্ত থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।**
nychealthandhospitals.org

জীবন সুস্বাস্থ্যে কাটান।

NYC HEALTH+ HOSPITALS

Bengali 06/20